গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।
www..netrokonasadar.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২৫৬.০০০.১১.০০৪.২৩ - ৭৮৮

তারিখ: ২৮ অক্টোবর ২০২৩ খ্রি.

## : নিয়োগ বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৬ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত মহল্লাদার নিয়োগ কমিটির সভার সিদ্ধান্ত ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী নিয়োগ বিধিমালা বাংলাদেশ গেজেট ১৩ জুলাই ২০১৬ অনুযায়ী নেত্রকোণা জেলার সদর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে শূন্য পদে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। নেত্রকোণা সদর উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের/সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | ০১ নংমৌগাতী | ০৮ | ০১ টি | সরকার কর্তৃক নির্ধারত (ইউপি অংশ ৩২৫০/- + সরকারি অংশ ৩২৫০/-) ও বিধি মোতাবেক যাতায়াত ভাতা। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | | ০৫ নং আমতলা | ০৬ ও ০৭ | ০২ টি | | |
| ০৩ | | ০৬ নং লক্ষীগঞ্জ | ০১, ০২, ০৪, ০৬ ও ০৮ | ০৫ টি | | |
| ০৪ | | ০৭ নং কাইলাটী | ০৪ ও ০১ | ০২ টি | | |
| ০৫ | | ০৮ নং দক্ষিণ বিশিউড়া | ০৯ | ০১ টি | | |
| ০৬ | | ০৯ নং চল্লিশা | ০৫ ও ০৮ | ০২ টি | | |
| ০৭ | | ১০ নংরৌহা | ০১ ও ০৮ | ০২ টি | | |
| ০৮ | | ১১ নং কেগাতী | ০৬ ও ০৭ | ০২টি | | |
| ০৯ | | ১২ নং মদনপুর | ০১, ০৬ ও ০৯ | ০৩ টি | | |

### নিয়োগের শর্তাবলী

১. মহল্লাদার প্রার্থীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের/সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনপত্রে ক) প্রার্থীর নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) ১৫ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে বয়স, জ) ভোটার আইডি নং, ঝ) জাতীয়তা, ঞ) ধর্ম, ট) শিক্ষাগত যোগ্যতা, ঢ) লিঙ্গ: (পুরুষ/মহিলা), ঠ) শারিরীক যোগ্যতার পরিমাপ, ড) অভিজ্ঞতা (যদি থাকে প্রমানকসহ), ণ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদন করতে হবে।

৩. শারিরীক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : ক) সর্বনিম্ন উচ্চতা ০৫ ফুট ২ ইঞ্চি, খ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি, গ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে: ক) সর্বনিম্ন উচ্চতা ০৫ ফুট, খ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি, গ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)

৪. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রার্থীর সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সত্যায়িত কপি, গ) জাতীয় পরিচয় পত্রের ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

৫. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণার অনুকূলে ৩০০ (তিনশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৬. প্রার্থীর বয়স ১৫ নভেম্বর ২০২৩ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য (বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না )।

৭. আবেদন আগামী ১৫ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

৮. অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

CamScanner

৮. অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

৯. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম বা কোটা উল্লেখ করতে হবে।

১০. প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি বা তদবির গ্রহণযোগ্য হবে না।

১২. চাকুরীর নিয়োগ লাভের পূর্বেই প্রার্থীকে পূর্ববর্তী জীবনের পুলিশি তদন্ত সাপেক্ষে চাকুরীর উপযুক্ততা বিবেচনা করা হবে।

১৩. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল করা হবে।

১৪. পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫/১০/২০২৩

(তানিয়া তাবাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ০৫.৪৫.৭২৫৬.০০০.১১.০০৪.২৩.৭৬৮ তারিখ: ২৫ অক্টোবর ২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।

২. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।

৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৪. অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৫. উপজেলা .......................................... অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৬. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নেত্রকোণা সদর, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭.চেয়ারম্যান, ....................ইউনিয়ন পরিষদ(সকল), নেত্রকোণা সদর,, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮.অফিস কপি।

২৫/১০/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

CS CamScanner